



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সোনাগাজী সরকারী কলেজ, ফেনী।

Website: [sonagazicollege.gov.bd](http://sonagazicollege.gov.bd)  
Email: [sonagazigovtcollege7@gmail.com](mailto:sonagazigovtcollege7@gmail.com)  
[www.facebook.com/groups/sgccollegefeni/](http://www.facebook.com/groups/sgccollegefeni/)



তারিখ : ০৬/০৬/২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: <http://app11.nu.edu.bd/> ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিভাগসমূহে সোনাগাজী সরকারী কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে: **ক) বিএসএস খ) বিএ**

**১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:**

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০১৯/২০২০/২০২১ সালের SSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ২০১৯/২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২/২০২৩ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে ([degpassnu@gmail.com](mailto:degpassnu@gmail.com)) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে ([degpassnu@gmail.com](mailto:degpassnu@gmail.com)) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ অথবা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।
- একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**প্রাথমিক ভর্তির আবেদন এর লিংক :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ লগইন করে আগামী ০৫/০৬/২০২৪ খ্রি. থেকে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরম এর প্রিন্ট/ পিডিএফ কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।



টাকা জমা দেয়ার QR কোড

**প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পদ্ধতিঃ**

<https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application> উল্লেখিত লিংকে প্রবেশ করে

**Degree(Pass)** সিলেক্ট করে **1<sup>st</sup> Year** সিলেক্ট করে **College (Sonagazi Govt. College)** সিলেক্ট করে অনলাইন আবেদন

করার পর **Admission Roll** লিখে **Student Name** লিখে মোবাইল নম্বর লিখে ৩০০ (তিনশত টাকা) জমা দিতে হবে।

➤ টাকা জমা দেয়ার পর আবেদনের কপি ও টাকা জমা দেয়ার রশিদ কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

\*\*\* প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই উপরে উল্লেখিত লিংকে প্রবেশ করে ৩০০/- টাকা কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে)

অধ্যক্ষ  
সোনাগাজী সরকারী কলেজ  
সোনাগাজী, ফেনী।